

২২

প্রতিবাদে ছাত্রলীগের আজ মানববন্ধন

চারি অধ্যাপক আরেফিন সিদ্দিকের বাসায় ককটেল হামলা

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের
শিক্ষক সমিতির সাবেক সভাপতি ও
সিনিয়র শিক্ষক অধ্যাপক আ আ ম স
আরেফিন সিদ্দিকের বাসায় ককটেলের
(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেবুন)

চারি অধ্যাপক আরেফিন

(প্রথম পাতার পরে)

বিক্ষোরণের ঘটনা

ঘটেছে। শনিবার সন্ধ্যা সাড়ে ৭টায় তার ধানমন্ডি
গ্রীনরোডের বাসায় এ ঘটনা ঘটেছে। কে বা কারা একটি
ককটেলের বিক্ষোরণ ঘটিয়ে পালিয়ে যায়। অপর একটি
ককটেল অবিক্ষোরিত অবস্থায় উদ্ধার করা হয়। এ সময়
তিনি বাসায় না থাকলেও তার খ্রীসহ পরিবারের সদস্যরা
ছিলেন। পরে তিনি স্ববর পেয়ে দ্রুত বাসায় এসেছেন।
ঘটনার প্রতিবাদে ছাত্রলীগ আজ ঢাকা বিশ্ববিদ্যালয়
ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচী পালন করার কথা
জানিয়েছে। এর আগেও তাকে বিভিন্ন সময়ে টেলিফোনে,
উড়ো চিঠিতে হুমকি দেয়া হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট শিক্ষক নেতা অধ্যাপক
আরেফিন সিদ্দিক জনকণ্ঠকে বলেন, ককটেল-বোমা যখন
ছুড়েছে তখন আমি বাসায় ছিলাম না। সন্ধ্যা সাড়ে সাতটার
দিকে দু'টি ককটেল ছুড়েছে। একটি বাসার তৃতীয় তলার
বারান্দায় বিক্ষোভিত হয়েছে। অপরটি চার তলার বাড়ির
তখনের মূল গেটে অবিক্ষোরিত অবস্থায় পড়ে ছিল। তিনি
জানান, পুলিশকে জানানো হয়েছে। পুলিশ সঙ্গে সঙ্গে
এসেছে। বোমা বিক্ষোরণের সময় অধ্যাপক আরেফিন
সিদ্দিকের স্ত্রী বাসায় ছিলেন। তিনি জনকণ্ঠকে বলেন,
প্রথমে তারা বুঝতে পারেননি। বিকট শব্দ শুনে ঘরের
বাইরে বের হতেই অনুমান করতে পারেন বাড়ির গেটেই
বোমা বিক্ষোরণ ঘটেছে। তাই তিনি আর নিচে নামেন নি।
পুলিশের এক তলা তখনে থাকা বাড়ির অন্য সদস্যরা চার
তলা তখনের গেটে এসে বোমা বিক্ষোরণের ঘটনা প্রত্যক্ষ
করেন।

যুদ্ধাপরাধীদের বিচার দাবিতে চারি ক্যাম্পাসে মানববন্ধন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : যুদ্ধাপরাধীদের বিচারের
দাবিতে শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধন
করেছে মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন 'আমরা
মুক্তিযোদ্ধার সন্তান' মানববন্ধন থেকে যুদ্ধাপরাধীদের বিচার
দাবির পাশাপাশি যুদ্ধাপরাধীদের সন্তানদের বিসিএস-এ
অযোগ্য ঘোষণা করারও দাবি জানানো হয়। শনিবার সকাল
১১টায় সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতাকর্মীরা
অপরাজেয় বাংলার পাদদেশে মানববন্ধন কর্মসূচী পালন
করে।